8+ > IELTS HACKER_

FREE PREVIEW

02/06



THE BAND 8+ READING BOOK

IELTS 2026

READING

Read less. Find more.

IELTS Reading-এর সবকিছু এক বইয়ে: প্রতিটা question type, প্রতিটা trap, সময় বাঁচানোর কৌশল, academic vocabulary, সাথে ৮টা full practice test আর প্রতিটা answer-এর ব্যাখ্যা।

বাংলা + English

Academic + General Training

43
chapters: skills, question types, passages

8
full tests: 24 passages, 320 questions, all explained

589
academic words with Bangla meanings

30
day study plan to Band 8+

শুধু পড়ো না, খুঁজে বের করো।
প্রতিটা practice test real test-এর মতো screen-এও দেওয়া যায়।

ieltshacker.com

How to use this book

এই বই কীভাবে পড়লে সবচেয়ে বেশি কাজে লাগবে

এই বইটা লেখা হয়েছে একটা লক্ষ্য নিয়ে: IELTS Reading-এ Band 8+ পেতে একজন বাংলাদেশি student-এর যা যা জানা দরকার, সব যেন **এক জায়গায়** থাকে। ব্যাখ্যা বাংলায়, যাতে কৌশলটা পরিষ্কার বোঝা যায়। আর passage, question ও উদাহরণ English-এ, কারণ test-এ তোমাকে সেটাই পড়তে হবে।

বইয়ে কী কী আছে

Part	কী শিখবে	কখন পড়বে
A · Know the test	Test-এর format, screen, marking, আর mark হারানোর জায়গা	প্রথম দিন
B · Core skills	১০টা skill: সময় ভাগ, skimming, scanning, paraphrase, কঠিন বাক্য ভাঙা, লেখকের মত ধরা	প্রথম সপ্তাহ
C · Question types	১৬ ধরনের question, প্রতিটা আলাদা chapter-এ, worked example সহ	প্রতিদিন একটা
D · The passages	Passage 1, 2, 3 আলাদা করে, আর General Training-এর পার্থক্য	Question type শেষ করে
E · Vocabulary	Academic শব্দ, signal শব্দ, paraphrase bank আর topic ধরে শব্দ, বাংলা অর্থ সহ	প্রতিদিন একটা অংশ
F · Practice tests	৮টা full test: ২৪টা passage, ৩২০টা question, প্রতিটা answer-এর ব্যাখ্যা	১০ দিন পর থেকে
G · Plan and tools	৩০ দিনের plan, review-এর পদ্ধতি, error log, test day checklist	শুরুতে একবার, তারপর প্রতিদিন

বইয়ের চিহ্নগুলো

চিহ্ন	মানে
Tip (হলুদ box)	কাজের কৌশল: ছোট একটা অভ্যাস, যেটা সরাসরি mark বা সময় বাঁচায়
Trap (লাল box)	Test যেভাবে তোমাকে ভুল answer-এর দিকে টানে
সাবধান (সবুজ box)	বাংলাদেশি student-রা যে ভুল সবচেয়ে বেশি করে, আর তার কারণ
Worked example	App-এর আসল test থেকে question, passage-এর দরকারি অংশ, আর answer কেন সেটা

হলুদ দাগ মানে সঠিক answer বা passage-এর সেই কথা যেখান থেকে answer আসে। ~~কাটা লাল লেখা~~ মানে trap। **নীল লেখা** মানে English term বা app-এর কোনো জায়গার নাম।

Practice test কীভাবে দেবে

বইয়ের ৮টা test কাগজে দিতে পারো: stopwatch-এ ৬০ মিনিট, pencil আর বই। Computer-delivered test-এর অভ্যাস করতে চাইলে একই test গুলো IELTS HACKER app-এ দাও (**ieltshacker.com** → Tests → Reading), যেখানে real test-এর মতো বাঁ পাশে passage আর ডান পাশে question থাকে। প্রতিটা test-এর শুরুতে একটা QR code আছে; scan করলেই test টা খুলবে।

RULE **সবচেয়ে জরুরি নিয়ম: answer মেলানোর পর আসল কাজ শুরু**

Reading-এ band বাড়ে তখন, যখন তুমি প্রতিটা ভুলের জন্য passage-এ ফিরে গিয়ে খুঁজে বের করো **কোন বাক্যে** answer ছিল, আর কেন তুমি সেটা ধরতে পারোনি। তাই বইয়ের প্রতিটা answer-এর সাথে passage-এর সেই বাক্য আর ব্যাখ্যা দেওয়া আছে।

Contents

প্রতিটা question type, passage আর topic আলাদা করে

How to use this book 1

PART A · KNOW THE TEST 3

01 The Reading test at a glance 4
02 Computer-delivered or paper-based 6
03 How your answers are marked 8
04 Where Bangladeshi students lose marks 10

PART B · CORE SKILLS 11

05 The 60-minute plan 12
06 The four-step routine 14
07 Skimming 16
08 Scanning 18
09 Keywords and paraphrase 19
10 Paragraph structure and main ideas 22
11 Linking and reference words 25
12 Unknown words 27
13 Long sentences 29
14 Fact, claim and opinion 31

PART C · QUESTION TYPES 33

15 TRUE / FALSE / NOT GIVEN 34
16 YES / NO / NOT GIVEN 38
17 Matching headings 40
18 Matching information 43
19 Matching features 45
20 Matching sentence endings 48
21 Multiple choice: one answer 50
22 Multiple choice: choose TWO 52
23 Sentence completion 54
24 Summary completion 56
25 Summary completion with a word box 58
26 Note completion 61
27 Table completion 63
28 Flow-chart completion 65
29 Diagram labelling 68
30 Short-answer questions 71

PART D · THE PASSAGES 73

31 Passage 1: facts and description 74
32 Passage 2: lettered paragraphs and matching 76
33 Passage 3: argument and opinion 78
34 General Training Reading 80

PART E · VOCABULARY 82

35 Academic word bank 83
Research and evidence · What researchers do · Change: up, down and steady · Cause and effect · Importance, size and amount · Problems and solutions · Ideas and arguments · Time and sequence

36 Signal words 87
Adding and listing · Contrast and concession · Cause, result and purpose · Example, emphasis and restatement · Reporting verbs · Certainty and doubt · The writer's attitude

37 Paraphrase bank 90
38 Word parts 95
39 Topic vocabulary 99
Environment and climate · Animals and plants · Health and medicine · The mind and behaviour · Education and learning · Language and communication · History and archaeology · Technology and innovation · Business and economics · Cities and buildings · Farming and food · Energy and transport · Society and culture · Earth and space

PART F · PRACTICE TESTS 105

T1 Practice Test 1: The rise of the crossword, No laughing matter … 106
T2 Practice Test 2: Built for the desert: the camel, Letting nature take the lead … 118
T3 Practice Test 3: Inside a modern landfill, Made to measure … 130
T4 Practice Test 4: The axolotl, Where have all the insects gone? … 142
T5 Practice Test 5: A short history of salt, Power from the tides … 154
T6 Practice Test 6: The great journey of the monarch, Paradise under pressure … 166
T7 Practice Test 7: The hidden layers of a summer lake, Rethinking the Silk Road … 178
T8 Practice Test 8: Harvesting water from fog, The lithium question … 190

PART G · PLAN AND TOOLS 202

40 The 30-day plan 203
41 How to practise and review 206
42 Error log and score tracker 208
43 Test day and FAQ 211

CHAPTER 1

1 The Reading test at a glance

এক নজরে পুরো test: ৩টা passage, ৪০টা question, ৬০ মিনিট

Test টা আসলে কী মাপে

IELTS Reading মাপে তুমি একটা লম্বা English লেখা থেকে **দ্রুত দরকারি তথ্য খুঁজে বের করতে** আর **লেখকের কথা ঠিকভাবে বুঝতে** পারো কি না। পুরো passage বুঝে মুখস্থ করার পরীক্ষা এটা নয়। প্রতিটা question-এর উত্তর passage-এর ভেতরেই লেখা আছে; তোমার কাজ সেটা খুঁজে পাওয়া।

- মোট **৪০টা question**, প্রতিটায় ১ mark। ভুল answer-এ mark কাটে না।
- সময় **৬০ মিনিট**। Answer লেখা বা তোলার জন্য **আলাদা কোনো সময় নেই** (Listening-এর মতো নয়)।
- Academic module-এ **৩টা passage**, মোট প্রায় ২,১৫০ থেকে ২,৭৫০ শব্দ। প্রতিটা passage-এ ১৩ বা ১৪টা question।
- Passage আসে বই, journal, magazine আর newspaper থেকে। বিষয় যে কোনো কিছু হতে পারে, কিন্তু আগে থেকে সে বিষয়ে কিছু জানা লাগে না।
- তিনটা passage ধাপে ধাপে কঠিন হয়।

PASSAGE 1 · Q1–13
17 min
সবচেয়ে সহজ। এখানে সময় বাঁচাও, mark নয়।

PASSAGE 2 · Q14–26
20 min
মাঝারি। Matching question এখানে বেশি।

PASSAGE 3 · Q27–40
23 min
সবচেয়ে কঠিন, লেখকের মত আর যুক্তি। বাড়তি সময় এখানে লাগে।

৬০ মিনিটের ভাগ। Answer লেখার জন্য আলাদা কোনো সময় নেই।

তিনটা passage-এর চরিত্র

	Passage 1	Passage 2	Passage 3
ধরন	তথ্যভিত্তিক বর্ণনা: কোনো প্রাণী, আবিষ্কার, জায়গার ইতিহাস	তথ্য আর আলোচনা মিশ্র; paragraph-এ A, B, C চিহ্ন থাকে	যুক্তিতর্ক: লেখকের মত, বিভিন্ন গবেষকের মত
ভাষা	সরল বাক্য, চেনা শব্দ	মাঝারি	লম্বা বাক্য, abstract শব্দ
বেশি আসে	Notes/table completion, TRUE/FALSE/NOT GIVEN	Matching headings, matching information, summary	Multiple choice, YES/NO/NOT GIVEN, sentence endings
লক্ষ্য (Band 8+)	১৩-তে ১৩	১৩-তে ১২	১৪-তে ১১

Real test-এর screen দেখতে এমন

নিচের ছবিটা IELTS HACKER app-এর computer-delivered Reading screen। Real test-এও ঠিক এভাবে screen দুই ভাগ থাকে: বাঁয়ে passage, ডানে question। বইয়ের সব Practice Test তুমি app-এ এই screen-এই দিতে পারবে।

CHAPTER 5

5 The 60-minute plan

সময় কীভাবে ভাগ করবে, আর কখন একটা question ছেড়ে এগিয়ে যাবে

১৭, ২০, ২৩

তিনটা passage-এ সমান ২০ মিনিট দেওয়ার পরামর্শ question paper-এই লেখা থাকে। কিন্তু passage গুলো সমান কঠিন নয়। তাই Band 8+ student-রা সময় ভাগ করে এভাবে:

PASSAGE 1 · Q1–13
17 min
সবচেয়ে সহজ। এখানে সময় বাঁচাও, mark নয়।

PASSAGE 2 · Q14–26
20 min
মাঝারি। Matching question এখানে বেশি।

PASSAGE 3 · Q27–40
23 min
সবচেয়ে কঠিন, লেখকের মত আর যুক্তি। বাড়তি সময় এখানে লাগে।

৬০ মিনিটের ভাগ। Answer লেখার জন্য আলাদা কোনো সময় নেই।

ঘড়িতে সময় (শুরু থেকে)	তুমি কোথায় থাকবে
0:00	Passage 1 শুরু
0:17	Passage 1 শেষ, যা বাকি সেখানে আন্দাজ দিয়ে Passage 2-এ
0:37	Passage 2 শেষ, Passage 3-এ
0:58	সব ফাঁকা ঘরে answer, বানান আর word limit-এ এক নজর
1:00	শেষ

RULE **ঘড়ি দেখো তিনবার**

১৭ মিনিটে, ৩৭ মিনিটে, আর ৫৮ মিনিটে। এই তিন সময়ে যেখানেই থাকো, নিয়ম মেনে এগিয়ে যাও। "আর একটু হলেই পেয়ে যাব" ভেবে যে ৩ মিনিট দাও, সেটা Passage 3-এর দুইটা question-এর সময়।

একটা passage-এর ভেতরে সময়

কাজ	সময়
Title, subtitle আর question গুলোর ধরন দেখা	৩০ সেকেন্ড
Skimming: প্রতিটা paragraph-এর মূল কথা	২ থেকে ৩ মিনিট
১৩-১৪টা question	১৩ থেকে ১৭ মিনিট (গড়ে question প্রতি ১ থেকে ১.৫ মিনিট)
ফাঁকা আর flag করা question-এ ফেরা	১ মিনিট

৯০ সেকেন্ডের নিয়ম

কোনো question-এ দেড় মিনিট পার হয়ে গেলে:

1. যে দুইটা option সবচেয়ে সম্ভব মনে হয়, তার একটা বেছে নাও।
2. Question-এ চিহ্ন দাও (computer-এ **Flag**, কাগজে পাশে একটা তারা)।
3. পরের question-এ যাও। পরের question-এর উত্তর খুঁজতে গিয়ে প্রায়ই আগেরটার evidence চোখে পড়ে।

CHAPTER 9

9 Keywords and paraphrase

Question আর passage একই কথা বলে, কিন্তু প্রায় কখনো একই শব্দে নয়

Reading test আসলে paraphrase চেনার test

Question লেখার সময় examiner passage-এর বাক্য নেয়, তারপর শব্দ আর গঠন বদলে দেয়। তাই passage-এ question-এর শব্দ হুবহু খুঁজলে পাবে না; আর যদি হুবহু পাও, সেটা প্রায়ই trap।

৭ রকম paraphrase

ধরন	Passage-এ	Question-এ
1. Synonym	Researchers were **astonished** by the results.	Scientists were **surprised** by the findings.
2. Word form	The city **expanded** rapidly.	the rapid **expansion** of the city
3. Active / passive	Farmers **abandoned** the land.	The land **was abandoned**.
4. উল্টো শব্দ + not	The method is **far from perfect**.	The method **has limitations**.
5. সাধারণ / নির্দিষ্ট	cows, sheep and goats	**livestock**
6. সংখ্যা / শব্দ	**three quarters** of adults	**most** adults; **75%**
7. কারণ ও ফল উল্টে বলা	Poor harvests **led to** higher prices.	Prices rose **as a result of** poor harvests.

সংখ্যার paraphrase

Passage-এ	Question-এ হতে পারে
50%	half
25% / 75%	a quarter / three quarters
33%	a third, one in three
51%, 60%, 70%	the majority, most, more than half
10%, 15%	a minority, a small proportion
90%+	the vast majority, almost all
doubled / tripled	twice as many / three times as many, a twofold / threefold increase
a decade / a century	ten years / a hundred years
in the 1800s	in the nineteenth century
annually / biennially	every year / every two years

CHAPTER 15

15 TRUE / FALSE / NOT GIVEN

তথ্য মিলছে, উল্টো, নাকি নেই: সবচেয়ে বেশি আসা আর সবচেয়ে বেশি ভুল হওয়া type

দেখতে কেমন, কোথায় আসে

কয়েকটা statement দেওয়া থাকে। প্রতিটার জন্য ঠিক করতে হয় passage-এর **তথ্যের** সাথে সেটা মেলে (TRUE), উল্টো (FALSE), নাকি passage-এ সে তথ্যই নেই (NOT GIVEN)। প্রায় প্রতিটা test-এ থাকে, সাধারণত Passage 1 বা 2-এ। Statement গুলো **passage-এর ক্রমে** আসে।

Statement-এর তথ্যটা passage-এ খুঁজে পেয়েছ?

পেয়েছি, অর্থ একই

TRUE / YES

Passage একই কথা বলছে, শুধু অন্য শব্দে। Statement-এর **প্রতিটা অংশ** মিলতে হবে।

পেয়েছি, অর্থ উল্টো

FALSE / NO

Passage পড়ে statement টাকে **শুধরে লেখা যায়**। তুমি বলতে পারো আসল তথ্যটা কী।

বিষয় আছে, এই তথ্যটা নেই

NOT GIVEN

Passage পড়ে তুমি বলতে পারো না কথাটা ঠিক না ভুল। শুধরে লেখার মতো তথ্য নেই।

FALSE আর NOT GIVEN-এর আসল পার্থক্য

নিজেকে একটাই প্রশ্ন করো: **"Passage পড়ে আমি কি statement টাকে শুধরে লিখতে পারি?"**

- পারলে → **FALSE**। ("না, আসলে এটা ১৮৮৫ সালে হয়েছিল।")
- না পারলে, কারণ ওই নির্দিষ্ট তথ্যটা কোথাও নেই → **NOT GIVEN**।

EXAMPLE **তিন রকম উত্তর, এক passage**

Passage: "The high-wheeler, known at the time simply as the 'ordinary', was far quicker than the boneshaker, but it was difficult to mount and dangerous to ride."

- **1** The high-wheeler was faster than the boneshaker. → **TRUE** ("far quicker" = faster)
- **2** The high-wheeler was easy to get on. → **FALSE** (passage: "difficult to mount"। শুধরে লেখা যায়।)
- **3** The high-wheeler cost more than the boneshaker. → **NOT GIVEN** (গতি আর নিরাপত্তার তুলনা আছে; দামের কথা কোথাও নেই।)

ধাপে ধাপে

1. Statement পড়ে **anchor** (নাম, সাল, term) আর **দাবিটা** আলাদা করো। দাবি মানে ঠিক কী বলা হচ্ছে: তুলনা? কারণ? পরিমাণ? সময়?
2. **all**, **only**, **first**, **more than**, **always**, **mainly** এর মতো শব্দ গোল করো।
3. Anchor ধরে passage-এ জায়গা খোঁজো। আগের statement-এর উত্তর যেখানে পেয়েছ, তার **পর থেকে** খোঁজো।
4. সেই বাক্য আর আগে-পরের বাক্য পড়ো। দাবির **প্রতিটা অংশ** মিলিয়ে দেখো।
5. সিদ্ধান্ত: একই অর্থ → TRUE; শুধরে লেখা যায় → FALSE; বিষয় আছে কিন্তু এই তথ্যটা নেই → NOT GIVEN।

TRAP **NOT GIVEN–এর ৪টা চেনা চেহারা**

- **তুলনা নেই:** passage দুইটা জিনিসের কথা বলে, কিন্তু কোনটা বেশি বা আগে তা বলে না।
- **কারণ নেই:** ঘটনা আছে, statement-এ দেওয়া কারণটা নেই।
- **অর্ধেক আছে:** statement-এর প্রথম অংশ passage-এ হুবহু আছে, দ্বিতীয় অংশ নেই।
- **যুক্তিতে মনে হয় ঠিক:** বাস্তবে সম্ভবত সত্য, কিন্তু লেখক কথাটা লেখেননি।

WORKED EXAMPLE

App: Reading Test 1 · Passage 1 · The return of the sea otter

Questions 8–11

Do the following statements agree with the information given in Reading Passage 1?

> **TRUE** if the statement agrees with the information
> **FALSE** if the statement contradicts the information
> **NOT GIVEN** if there is no information on this

8 Hunters from Russia killed more sea otters than hunters from any other country. — **NOT GIVEN**

9 Before 1938, many people thought that there were no sea otters left in California. — **TRUE**

10 Every attempt to move otters from Alaska to other areas led to a new population becoming established. — **FALSE**

11 The research carried out in the Aleutian Islands found fewer sea urchins around islands that had otters than around islands that did not. — **TRUE**

WHAT THE PASSAGE SAYS

¶4 Unfortunately for the sea otter, the fur that protects it from the cold also made it extremely valuable to people. After members of a Russian expedition returned from the North Pacific with otter pelts in the 1740s, a commercial trade developed rapidly. Q8 **Russian, British and American hunters pursued the animals along the entire coast**, and the pelts were sold for high prices, particularly in China. Over the following century and a half, the population collapsed. By the early twentieth century, the species survived only in a handful of small, isolated colonies, and in many places it had disappeared completely.

¶5 In 1911, an international treaty finally gave the animals legal protection by banning hunting for commercial purposes. Recovery, however, was slow. Q9 **Along the coast of California, the sea otter was widely believed to be extinct until 1938**, when the existence of a small group off the Big Sur coast was made public. In later decades, wildlife agencies tried to speed up the process by moving otters from Alaska, where numbers had grown, to parts of the coast where they had vanished. Q10 **Some of these relocations, such as those to British Columbia and Washington, led to growing populations, while others failed.**

¶6 It was only when otters began to return that scientists came to appreciate their importance. Sea urchins feed on kelp, and when nothing controls their numbers, they can strip the sea floor bare, turning rich underwater forests into what are known as 'urchin barrens'. In the 1970s, researchers working in the Aleutian Islands compared islands where otters had recovered with others where they were still absent. Q11 **Around the islands with otters, urchins were small and scarce and kelp grew thickly; where otters were missing, urchins were abundant** and kelp was rare. The sea otter has since become a textbook example of a 'keystone species', one whose effect on its surroundings is far greater than its numbers alone would suggest.

CHAPTER 17

17 Matching headings

প্রতিটা paragraph-এর জন্য সঠিক শিরোনাম: main idea ধরার পরীক্ষা

দেখতে কেমন, কোথায় আসে

Passage-এর paragraph গুলোতে A, B, C চিহ্ন থাকে। আলাদা একটা তালিকায় থাকে heading (i, ii, iii...), paragraph-এর সংখ্যার চেয়ে ২-৩টা বেশি। প্রতিটা paragraph-এর জন্য সঠিক heading-এর Roman numeral লিখতে হয়। সাধারণত **Passage 2**-এ। Paper test-এ এই question টা passage-এর **আগে** ছাপা থাকে; computer-এ heading গুলো টেনে paragraph-এর উপরে বসাতে হয়।

এই type কেন কঠিন লাগে

- Heading পুরো paragraph-এর **মূল কথা**; কিন্তু ভুল heading গুলোতে paragraph-এর কোনো একটা **detail** হুবহু থাকে।
- দুইটা heading প্রায় একই বিষয়ের হয়; পার্থক্য থাকে দৃষ্টিভঙ্গিতে (সমস্যা নাকি সমাধান, কারণ নাকি ফল)।

ধাপে ধাপে

1. **আগে সব heading পড়ো**, আর প্রতিটার মূল শব্দে দাগ দাও। Heading কী ধরনের কথা বলছে খেয়াল করো: a problem, a comparison, an explanation, a criticism, future plans।
2. Paragraph A-র প্রথম দুই বাক্য আর শেষ বাক্য পড়ো। নিজের ভাষায় ৩-৪ শব্দে মূল কথা বলো।
3. তালিকা থেকে মিলে যাওয়া heading বাছো। দুইটা মনে হলে দুটোই পাশে লিখে রাখো, পরের paragraph-এ যাও।
4. সহজ paragraph গুলো আগে মেলাও। ব্যবহার হওয়া heading কেটে দাও; শেষে কঠিনগুলোর জন্য বিকল্প কমে যায়।
5. শেষে দেখো: heading টা কি paragraph-এর **বেশিরভাগ বাক্যকে** ঢাকে, নাকি শুধু একটাকে?

RULE **Heading মেলে অর্থে, শব্দে নয়**

Paragraph-এ আছে “a marine biologist accidentally broke a piece of coral ... the small pieces were growing remarkably quickly”। সঠিক heading: “An unplanned discovery that speeds up growth”। একটা শব্দও মেলেনি, কিন্তু অর্থ হুবহু এক। যে heading-এ paragraph-এর শব্দ হুবহু আছে, তাকে আগে সন্দেহ করো।

TRAP **ভুল heading-এর তিন চেহারা**

- **Detail heading:** paragraph-এ একবার বলা একটা উদাহরণ বা জায়গার নাম নিয়ে।
- **পাশের paragraph-এর heading:** বিষয় ঠিক, কিন্তু কথাটা আসলে আগের বা পরের paragraph-এ।
- **প্রথম বাক্যের heading:** paragraph শুরু হয়েছে এক কথা দিয়ে, তারপর however দিয়ে অন্য দিকে গেছে।

TIP **Skimming আর headings একসাথে**

এই type থাকলে আলাদা করে skim করার দরকার নেই। Heading মেলানোই তোমার skimming: শেষ হলে পুরো passage-এর paragraph map তোমার হাতে, আর বাকি question গুলো দ্রুত হয়।

সাবধান **একটা heading-এ আটকে থাকা**

একটা paragraph-এ দুই মিনিটের বেশি দিও না। বাকিগুলো মিলে গেলে যেটা বাকি থাকে, সেটা প্রায়ই নিজে থেকেই পরিষ্কার হয়ে যায়।

CHAPTER 33

33 Passage 3: argument and opinion

লম্বা বাক্য, বিমূর্ত শব্দ আর লেখকের মত; এখানে ১৪-তে ১১ পেলেই Band 8

Passage টা কেমন

- একটা **প্রশ্ন বা বিতর্ক** নিয়ে লেখা: “What are museums for?”, “Measuring happiness”, “The invention of wilderness”, “Crisis or correction?”। Title-এ প্রায়ই প্রশ্নচিহ্ন বা বিমূর্ত শব্দ থাকে।
- লেখক শুধু তথ্য দেন না; **মত দেন**, অন্যদের মতের সমালোচনা করেন, আর শেষে একটা অবস্থান নেন।
- বাক্য লম্বা, শব্দ বিমূর্ত (assumption, notion, paradigm, inherent)। উদাহরণ কম, যুক্তি বেশি।
- তিনটার মধ্যে সাধারণত সবচেয়ে লম্বা passage: প্রায় ৯০০ শব্দ।

কোন question আসে

Question type	কতটা আসে	ক্রমে আসে?
YES / NO / NOT GIVEN	প্রায় প্রতিটা test-এ	হ্যাঁ
Multiple choice: one answer	প্রায় প্রতিটা test-এ	হ্যাঁ
Matching sentence endings	প্রায়ই	হ্যাঁ (শুরুগুলো)
Summary with a word box	মাঝে মাঝে	সাধারণত
Summary completion	মাঝে মাঝে	হ্যাঁ
Matching features	মাঝে মাঝে	না

অর্থাৎ Passage 3 মানে **multiple choice + YES / NO / NOT GIVEN + আরেকটা group**। তিনটাই লেখকের যুক্তি বোঝার উপর দাঁড়িয়ে; scanning এখানে শুধু জায়গা খুঁজে দেয়, উত্তর দেয় না।

আগে লেখকের অবস্থান ধরো

প্রথম ৩ মিনিটে এই চারটা জায়গা মন দিয়ে পড়ো:

1. **Title আর subtitle।** Subtitle প্রায়ই পুরো যুক্তির সারাংশ।
2. **প্রথম paragraph।** কোন ধারণা বা প্রশ্ন নিয়ে লেখা শুরু হচ্ছে? প্রায়ই এটা “প্রচলিত ধারণা”, যার বিরুদ্ধে লেখক পরে যাবেন।
3. **প্রতিটা paragraph-এর প্রথম বাক্য**, আর **however**, **yet**, **but**-এর পরের বাক্য।
4. **শেষ paragraph।** লেখকের চূড়ান্ত মত এখানে।

তারপর নিজেকে এক লাইনে বলো: “লেখক মনে করেন ____, যদিও অনেকে বলে ____।” এই এক লাইন জানা থাকলে YES/NO আর multiple choice-এর অর্ধেক ভুল option নিজে থেকেই বাদ পড়ে।

CHAPTER 35

35 Academic word bank

যে শব্দগুলো বিষয় যাই হোক প্রতিটা passage-এ থাকে

এই তালিকা কেন আগে

Passage-এর বিষয় বদলায় (প্রবাল, কাগজের টাকা, একাকিত্ব), কিন্তু academic লেখার **কাঠামোর শব্দ** বদলায় না: গবেষণা, কারণ, পরিবর্তন, সমস্যা, ধারণা। এই শব্দগুলো চেনা থাকলে অচেনা বিষয়ের passage-ও পড়া যায়, কারণ তখন অচেনা থাকে শুধু বিষয়ের কয়েকটা শব্দ।

যেভাবে শিখবে

1. প্রতিদিন **একটা group** (প্রায় ২০টা শব্দ), ১৫ মিনিট।
2. বাংলা অর্থ ঢেকে English শব্দ দেখে অর্থ বলো। যেটা পারলে না, পাশে দাগ।
3. প্রতিটা দাগ দেওয়া শব্দের জন্য **একটা সহজ synonym** ভাবো (substantial → large)। Reading-এ এটাই কাজে লাগে।
4. পরদিন app-এর যে কোনো passage-এ এই group-এর কয়টা শব্দ পেলে গুনে দেখো।

Research and evidence গবেষণা ও প্রমাণ — 24

study / survey
গবেষণা / জরিপ

participant / subject
গবেষণায় অংশ নেওয়া ব্যক্তি

phenomenon (pl. phenomena)
লক্ষ করা যায় এমন ঘটনা

experiment / trial
পরীক্ষা / পরীক্ষামূলক প্রয়োগ

control group
তুলনার জন্য রাখা দল

criterion (pl. criteria)
বিচারের মানদণ্ড

hypothesis
অনুমান, যা পরীক্ষা করে দেখা হয়

variable
যে বিষয় বদলাতে পারে

peer review
অন্য বিশেষজ্ঞদের যাচাই

theory
তত্ত্ব

method / approach
পদ্ধতি

empirical
পরীক্ষা বা পর্যবেক্ষণ নির্ভর

evidence
প্রমাণ

analysis
বিশ্লেষণ

anecdotal
ব্যক্তিগত অভিজ্ঞতা নির্ভর, প্রমাণিত নয়

findings
গবেষণায় পাওয়া ফল

observation
পর্যবেক্ষণ

preliminary
প্রাথমিক, চূড়ান্ত নয়

data
উপাত্ত

correlation
দুই বিষয়ের পারস্পরিক সম্পর্ক

conclusive / inconclusive
চূড়ান্ত / অমীমাংসিত

sample
নমুনা

factor
কারণ, উপাদান

replicate
একই পরীক্ষা আবার করে একই ফল পাওয়া

What researchers do গবেষকরা যা করেন (verb) — 22

investigate / examine
অনুসন্ধান করা / খুঁটিয়ে দেখা

detect
শনাক্ত করা, টের পাওয়া

predict / forecast
আগাম বলা

conduct / carry out
(গবেষণা) চালানো

demonstrate
দেখিয়ে প্রমাণ করা

conclude
সিদ্ধান্তে পৌঁছানো

measure / assess
মাপা / মূল্যায়ন করা

reveal / uncover
প্রকাশ করা, বের করে আনা

propose / put forward
প্রস্তাব করা

observe / monitor
পর্যবেক্ষণ করা / নজরে রাখা

indicate / suggest
ইঙ্গিত দেওয়া

attribute to
কোনো কিছুকে কারণ বলে ধরা

compare / contrast
তুলনা করা / পার্থক্য দেখানো

confirm / verify
নিশ্চিত করা / যাচাই করা

account for
ব্যাখ্যা দেওয়া; (একটা অংশ) গঠন করা

identify
চিহ্নিত করা

estimate / calculate
আনুমানিক হিসাব করা / হিসাব করা

derive from
কোথাও থেকে পাওয়া বা আসা

CHAPTER 37

37 Paraphrase bank

Question-এ এক শব্দ, passage-এ আরেক: অর্থ ধরে সাজানো ১২৮টা synonym পরিবার

কীভাবে ব্যবহার করবে

বাঁ কলামে সহজ শব্দ, যা সাধারণত **question-এ** থাকে। মাঝের কলামে সেই অর্থের শব্দ, যা **passage-এ** থাকতে পারে। প্রতিদিন একটা table নাও: মাঝের কলাম ঢেকে নিজে যত synonym পারো বলো, তারপর মিলাও।

পরিমাণ আর পরিবর্তন

Question-এ	Passage-এ থাকতে পারে	বাংলা
many	numerous, countless, a host of, a wide range of	অনেক
few / little	scarce, a handful of, sparse, minimal	অল্প
most	the majority of, the bulk of, predominantly	বেশিরভাগ
all	every, entire, universal, without exception	সব
about	approximately, roughly, around, some, in the region of	প্রায়
more than	over, in excess of, exceed, upwards of	এর বেশি
less than	under, below, fewer than, short of	এর কম
half / a quarter	fifty per cent / one in four, 25 per cent	অর্ধেক / এক-চতুর্থাংশ
go up	rise, climb, grow, soar, surge, escalate	বাড়া
go down	fall, decline, drop, diminish, dwindle, plummet	কমা
change	alter, modify, shift, transform, vary	বদলানো
stay the same	remain stable, be unchanged, persist, constant	একই থাকা
get better	improve, enhance, advance, progress	উন্নত হওয়া
get worse	deteriorate, worsen, decline, degrade	খারাপ হওয়া
spread	expand, extend, become widespread, proliferate	ছড়িয়ে পড়া
disappear	vanish, die out, become extinct, be wiped out	হারিয়ে যাওয়া

কারণ, ফল আর উদ্দেশ্য

Question-এ	Passage-এ থাকতে পারে	বাংলা
cause	lead to, result in, trigger, give rise to, bring about	ঘটানো
because of	due to, owing to, as a result of, thanks to, on account of	এর কারণে
reason	cause, explanation, factor, motive, grounds	কারণ
result	outcome, consequence, effect, upshot	ফল

PRACTICE TEST 1 · APP: READING TEST 30

Practice Test 1

Passage 1 The rise of the crossword · **Passage 2** No laughing matter · **Passage 3** The logic of cooperation

Answers and explanations: page 115

RULE **Test দেওয়ার নিয়ম**

- Stopwatch-এ ঠিক **60 মিনিট**। শেষে বাড়তি কোনো সময় নেই।
- Passage 1-এ প্রায় 17 মিনিট, Passage 2-এ 20, Passage 3-এ 23।
- আটকে গেলে আন্দাজ করে এগিয়ে যাও। কোনো ঘর ফাঁকা রাখবে না।
- Dictionary, phone, বিরতি, কোনোটাই নয়।

TIP **Computer screen-এ দিতে চাইলে**

ielts hacker.com → **Tests** → **Reading** → **Test 30**। App নিজে mark করে, band দেখায়, আর প্রতিটা answer passage-এর কোথায় আছে দেখিয়ে দেয়।

এই test-এ যা আছে

Passage	Title	Question types, আর কোন chapter-এ কৌশল
Passage 1	The rise of the crossword	Note completion (Chapter 26) · TRUE / FALSE / NOT GIVEN (Chapter 15)
Passage 2	No laughing matter	Matching headings (Chapter 17) · Multiple choice: choose TWO (Chapter 22) · Summary completion with a word box (Chapter 25)
Passage 3	The logic of cooperation	Multiple choice: one answer (Chapter 21) · YES / NO / NOT GIVEN (Chapter 16) · Matching sentence endings (Chapter 20)

সাবধান **Test শেষ হলে**

Answer মিলাও → প্রতিটা ভুলের ধরন লেখো: **P** paraphrase চিনিনি · **N** NOT GIVEN গুলিয়েছি · **L** ভুল জায়গায় খুঁজেছি · **W** word limit বা বানান · **T** সময় শেষ · **V** শব্দ জানি না → ব্যাখ্যা পড়ে passage-এ evidence-এর বাক্যে দাগ দাও → error log-এ তোলো (Chapter 42)।

Passage 1 / 13	**Passage 2** / 13	**Passage 3** / 14	**Total and band** / 40	**Time taken** minutes

Academic Reading band: 39–40 = 9 · 37–38 = 8.5 · 35–36 = 8 · 33–34 = 7.5 · 30–32 = 7 · 27–29 = 6.5 · 23–26 = 6

READING PASSAGE 1 Questions 1–13

You should spend about 20 minutes on **Questions 1–13**, which are based on Reading Passage 1 below.

The rise of the crossword

How a puzzle devised for a Sunday newspaper became one of the world's favourite pastimes

On 21 December 1913, readers of the New York World found something new in the newspaper's Sunday supplement. Among the usual riddles and word games was a diamond-shaped grid of empty squares, accompanied by a list of clues. The puzzle had been devised by Arthur Wynne, a journalist born in Liverpool who had emigrated to the United States as a young man, and he called it a 'word-cross'. A few weeks later, as the result of a typesetting error, the name appeared as 'cross-word', and it stuck.

Wynne's invention was not entirely without ancestors. Word squares, in which the same words can be read both across and down, had been popular in nineteenth-century Britain, and a famous Latin example was found scratched on a column in the ruins of Pompeii. Wynne's grid, however, differed in an important respect: the words reading across were not the same as those reading down, so solvers had to find two different sets of answers that fitted together. His first puzzle contained no black squares; these, which separate one answer from the next and allow larger and more varied grids, became standard only later.

For about a decade, the crossword remained a modest newspaper feature, although other papers gradually began to copy it. Then, in 1924, two young publishers, Richard Simon and Max Schuster, chose a collection of crosswords as the first book of their new company. According to a well-known story, the idea came from Simon's aunt, who had asked him where she could buy such a book and discovered that none existed. Each copy was sold with a pencil attached, and the book was an enormous success. Within months, the crossword had become a national craze: further collections followed, popular songs were written about it, and newspapers across the country hurried to add puzzles of their own.

Not everyone approved. Critics complained that the craze wasted time that might be better spent on serious reading, and The New York Times dismissed the puzzle as a primitive form of mental exercise. The Times itself held out for almost two decades: its first crossword did not appear until February 1942, about two months after the United States entered the Second World War. Its editors reasoned that readers facing long evenings during wartime blackouts might welcome something to occupy their minds. The paper's first crossword editor, Margaret Farrar, is credited with establishing many of the conventions that American puzzles still follow.

In Britain, the crossword developed in a different direction. The first British example appeared in Pearson's Magazine in 1922, and The Times of London published its first in 1930. By then, a distinctively British form, the cryptic crossword, was emerging. From 1926, The Observer published puzzles by Edward Powys Mathers, who wrote under the name Torquemada and whose clues depended on wordplay rather than straightforward definition. In a cryptic clue, the answer is usually indicated twice: once by a plain definition and once by some form of wordplay, such as an anagram or a word hidden inside a phrase. A later Observer compiler, Derrick Macnutt, known as Ximenes, set out strict principles to ensure that such clues were fair to the solver. Cryptic grids also differ in structure. In an American puzzle, every letter belongs to both an across and a down answer, whereas in a typical cryptic grid many letters belong to only one, giving the solver fewer letters to check against.

During the Second World War, crosswords took on an unexpected significance in Britain. In January 1942, following a debate in its letters page about how difficult its puzzle really was, The Daily Telegraph organised a contest in which entrants attempted one of its crosswords against the clock. Several of those who finished in under twelve minutes were later approached by the War Office and recruited to the codebreaking centre at Bletchley Park. Two years later, the newspaper's crossword caused alarm of a different kind. In the weeks before the Allied landings in Normandy in June 1944, its puzzles contained a

series of answers, including 'Utah', 'Omaha' and 'Overlord', that were secret code names connected with the operation. The compiler, a headmaster named Leonard Dawe, was questioned by intelligence officers, who concluded that the appearance of the words was innocent. Many years later, a former pupil claimed that he had heard the words from soldiers camped near the school and had suggested them to Dawe without knowing their meaning.

Today, crosswords are published in many languages and are often constructed with the help of software that suggests words to fill a grid. Will Shortz, who became editor of the New York Times puzzle in 1993, had earlier designed his own degree at Indiana University in what he called enigmatology, the study of puzzles. Researchers, meanwhile, have investigated whether solving crosswords can help to protect the brain in old age. Some studies have found that older people who do word puzzles regularly perform better on tests of memory and reasoning, but it remains unclear whether the puzzles produce the benefit or whether people with sharper minds are simply more likely to enjoy them.

Questions 1–6

Complete the notes below.
Choose **ONE WORD AND/OR A NUMBER** from the passage for each answer.

The early history of the crossword

Origins

- first appeared in 1913 in the Sunday [1] of the New York World
- the first grid was [2] and had no black squares
- its original name, 'word-cross', was changed because of a [3] error
- unlike earlier word squares, the answers across differed from the answers down

The 1920s craze

- began with a book of crosswords, each copy of which came with a [4]
- many newspapers quickly started to publish crosswords

The New York Times

- at first called crosswords an unsophisticated kind of mental activity
- published its first crossword in [5]
- believed a puzzle would give readers something to do during wartime [6]

Questions 7–13

Do the following statements agree with the information given in Reading Passage 1?

TRUE	if the statement agrees with the information
FALSE	if the statement contradicts the information
NOT GIVEN	if there is no information on this

7 Simon and Schuster had already published several books before their crossword collection appeared. [ ]

8 Richard Simon's aunt helped to select the puzzles for the first crossword book. [ ]

9 Margaret Farrar is believed to have introduced many of the rules still followed in American crosswords. ☐

10 Torquemada's clues relied mainly on simple definitions of the answers. ☐

11 Some of the people who took part in the Daily Telegraph contest later worked as codebreakers. ☐

12 Leonard Dawe's pupils were questioned by intelligence officers in 1944. ☐

13 Research has proved that doing crosswords slows down mental decline in old age. ☐

READING PASSAGE 2 Questions 14–26

You should spend about 20 minutes on **Questions 14–26**, which are based on Reading Passage 2 below.

No laughing matter

Scientists who study laughter have found that it has surprisingly little to do with jokes

A Laughter is one of the most familiar of human behaviours, found in every culture that has ever been studied, yet until recently it attracted little scientific attention. For centuries, philosophers who considered the subject were chiefly interested in humour: in why we find things funny. Thomas Hobbes believed that laughter expressed a sudden sense of superiority over others, while later thinkers argued that it was a response to incongruity, the surprising collision of ideas that do not belong together. Such theories may help to explain jokes. But researchers who have studied laughter itself, rather than humour, have reached a striking conclusion: most of the time, laughter has very little to do with jokes at all.

B Much of the evidence comes from the work of the American neuroscientist Robert Provine, whose team recorded more than a thousand episodes of laughter overheard in shopping centres, on university campuses and in other public places, noting what had been said just before each one. Only a small minority of the remarks that preceded laughter were even attempts at humour; most were ordinary comments such as 'I'll see you later' or 'I hope we all do well'. Provine also found that speakers laughed more than their listeners, and in a separate study, in which volunteers kept a diary of their own laughter, that people were around thirty times more likely to laugh when they were with others than when they were alone. Laughter, he concluded, is above all a social signal.

C Laughter is also far older than humour, and probably older than our species. Chimpanzees, gorillas and other great apes make breathy, panting sounds when they are tickled or engaged in rough-and-tumble play, and in 2009 a team led by the psychologist Marina Davila Ross found that the acoustic similarities between the 'laughter' of different apes and that of human infants closely matched how closely the species are related. This suggests that laughter was inherited from a common ancestor that lived millions of years ago. Even rats, when tickled, produce chirps too high-pitched for human ears to detect. Human laughter differs mainly in its pattern of breathing: whereas apes laugh while breathing both in and out, we produce a series of short bursts during a single outward breath, a change that may be linked to the greater control over breathing that speech requires.

D Not all human laughter, however, is the same. Researchers distinguish between spontaneous laughter, which bursts out of us involuntarily, and the more controlled laughter we produce deliberately, out of politeness or to show agreement. Listeners are surprisingly good at telling the two apart; spontaneous laughter, for example, tends to be higher in pitch. Brain-imaging studies carried out by the neuroscientist Sophie Scott and her colleagues in London found that when people heard deliberate laughter,

Answers and explanations · Practice Test 1

প্রতিটা answer-এর নিচে passage-এর সেই কথা, যেখান থেকে answer আসে।

Passage 1 The rise of the crossword · Questions 1–13

1 **supplement**
"found something new in the newspaper's Sunday supplement" paragraph 1
The first crossword was printed in the paper's 'Sunday supplement'.

2 **diamond-shaped** *(also: diamond shaped)*
"a diamond-shaped grid of empty squares" paragraph 1
The grid was 'diamond-shaped'; the next paragraph adds that it had no black squares.

3 **typesetting**
"as the result of a typesetting error, the name appeared as 'cross-word'" paragraph 1
The name became 'cross-word' 'as the result of a typesetting error'.

4 **pencil**
"Each copy was sold with a pencil attached" paragraph 3
'sold with a pencil attached' = each copy came with a pencil.

5 **1942** *(also: February 1942)*
"its first crossword did not appear until February 1942" paragraph 4
The Times 'held out for almost two decades' and did not publish a crossword until February 1942. 1924 is when the craze began, not when The Times printed its first puzzle.

6 **blackouts**
"readers facing long evenings during wartime blackouts might welcome something to occupy their minds" paragraph 4
The editors thought readers would want something to occupy them during 'wartime blackouts'.

7 **FALSE**
"chose a collection of crosswords as the first book of their new company" paragraph 3
The crossword collection was 'the first book of their new company', so they had not published any books before it.

8 **NOT GIVEN**
"the idea came from Simon's aunt, who had asked him where she could buy such a book" paragraph 3
The aunt is said to have given Simon the idea for the book, but nothing is said about her choosing any of the puzzles.

9 **TRUE**
"is credited with establishing many of the conventions that American puzzles still follow" paragraph 4
'credited with establishing many of the conventions' = believed to have introduced many of the rules.

10 **FALSE**
"whose clues depended on wordplay rather than straightforward definition" paragraph 5
His clues depended on wordplay 'rather than straightforward definition', which contradicts the statement.

11 **TRUE**
"Several of those who finished in under twelve minutes were later approached by the War Office and recruited to the codebreaking centre at Bletchley Park." paragraph 6
Several fast finishers were 'recruited to the codebreaking centre at Bletchley Park'.

12 **NOT GIVEN**
"was questioned by intelligence officers, who concluded that the appearance of the words was innocent" paragraph 6
Only Dawe himself is said to have been questioned. A former pupil's claim is mentioned, but it was made 'many years later', and nothing is said about pupils being questioned.

13 **FALSE**
"it remains unclear whether the puzzles produce the benefit" paragraph 7
Some studies found a link, but it 'remains unclear' whether puzzles cause the benefit, so nothing has been proved.

Passage 2 No laughing matter · Questions 14–26

14 **iv**
"Laughter, he concluded, is above all a social signal." Paragraph B
B reports Provine's findings: little laughter follows attempts at humour, and people laugh far more with others than alone. ii is wrong: B is about what precedes laughter, not about jokes.

CHAPTER 40

40 The 30-day plan

প্রতিদিন ৬০ থেকে ৯০ মিনিট; ৩০ দিনে পুরো বই আর ৮টা test

Plan টা যেভাবে সাজানো

- **সপ্তাহ 1:** test চেনা আর core skills। এখনো কোনো full test নয়; একটা করে passage।
- **সপ্তাহ 2:** প্রতিদিন দুই-তিনটা question type, app-এর passage-এ হাতে-কলমে।
- **সপ্তাহ 3:** তিনটা passage আলাদা করে, আর তিনটা full test।
- **সপ্তাহ 4:** test, review আর দুর্বল জায়গা মেরামত।

"করো" কলামের সব passage IELTS HACKER app-এর Reading test থেকে নেওয়া, আর এগুলো বইয়ের ৮টা Practice Test-এর **বাইরের**। বইয়ের test গুলো (app-এ Test 10, 12, 15, 18, 20, 26, 28, 30) আগে থেকে app-এ দিয়ে ফেলো না।

দিন	পড়ো (chapter)	করো	শব্দ
1	The Reading test at a glance; Computer-delivered or paper-based	App-এ Reading Test 11 খুলে screen চেনো: highlight, note, flag। Passage 1 সময় না ধরে দাও	Research and evidence
2	How your answers are marked; Where Bangladeshi students lose marks	কালকের ভুলগুলো দেখে নিজের ৩টা বড় সমস্যা লেখো	What researchers do
3	The 60-minute plan; The four-step routine	App Test 13 Passage 1, stopwatch-এ ১৭ মিনিট	Change: up, down and steady
4	Skimming; Scanning	App Test 13-এর Passage 2 আর 3 শুধু skim করে paragraph map বানাও (প্রতিটায় ৩ মিনিট)	Cause and effect
5	Keywords and paraphrase	App Test 13 Passage 2 দাও; review-তে প্রতিটা answer-এর paraphrase জোড়া লেখো	Paraphrase bank: পরিমাণ আর পরিবর্তন
6	Paragraph structure and main ideas; Linking and reference words	App Test 14 Passage 2-এর প্রতিটা paragraph-এর main idea ৪ শব্দে লেখো	Signal words: Adding; Contrast
7	Unknown words; Long sentences; Fact, claim and opinion	App Test 13 Passage 3, ২৩ মিনিটে	Signal words: Reporting verbs; Certainty and doubt
8	TRUE / FALSE / NOT GIVEN; YES / NO / NOT GIVEN	App Test 16 Passage 1; App Test 14 Passage 3	Importance, size and amount
9	Matching headings	App Test 11 আর 16-এর Passage 2	Problems and solutions
10	Matching information; Matching features	App Test 17 Passage 2 (দুটোই আছে); App Test 14 Passage 2	Ideas and arguments
11	Matching sentence endings; Multiple choice: one answer	App Test 16 আর 19-এর Passage 3	Time and sequence
12	Multiple choice: choose TWO; Sentence completion	App Test 19 Passage 2 (দুটোই আছে)	Paraphrase bank: কারণ, ফল আর উদ্দেশ্য

What you get in the full book

214 পাতা · বাংলা + English

এই preview-এর প্রতিটা পাতা মূল বই থেকে নেওয়া, কিছুই বদলানো হয়নি। পুরো বইয়ে প্রতিটা chapter সম্পূর্ণ আছে, সাথে ৮টা full practice test।

43
CHAPTERS
Test চেনা, ১০টা core skill, ১৬টা question type, তিনটা passage আর General Training, প্রতিটা আলাদা chapter-এ।

16
QUESTION TYPES
প্রতিটার জন্য ধাপে ধাপে পদ্ধতি, trap, আর real passage থেকে worked example।

8
FULL PRACTICE TESTS
২৪টা passage, ৩২০টা question। প্রতিটা answer-এর সাথে passage-এর সেই বাক্য, যেখান থেকে answer আসে।

589
ACADEMIC WORDS
কাজ অনুযায়ী সাজানো, বাংলা অর্থ সহ: গবেষণা, পরিবর্তন, কারণ ও ফল, লেখকের মনোভাব, আর ১৪টা topic।

128
SYNONYM FAMILIES
Paraphrase bank: question-এর সহজ শব্দ passage-এ কোন কোন শব্দে আসে।

17 · 20 · 23
MINUTES
Passage 1, 2, 3-এর আলাদা সময়ের হিসাব আর পরিকল্পনা, মিনিট ধরে।

30
DAY PLAN
কোন দিন কোন chapter, কোন test আর কোন শব্দ, সব সাজানো। সাথে error log আর score tracker।

Real
SCREENS AND QUESTION PAPERS
Computer-delivered test-এর screen, আর exam-এর মতো passage, question paper ও diagram।

FULL BOOK **পুরো বইটা নাও**

IELTS Reading 2026: The Band 8+ reading book পাওয়া যায় IELTS HACKER থেকে। Website দেখো, অথবা আমাদের Facebook page-এ message করো।


ieltshacker.com

TRY **এখনই শুরু করো**

এই preview-তে Practice Test 1-এর Passage 1 পুরোটা আছে: ১৩টা question, সাথে প্রতিটা answer আর তার ব্যাখ্যা। ১৭ মিনিট সময় ধরে দাও, তারপর মিলিয়ে দেখো। চাইলে QR code scan করে screen-এও দিতে পারো।

8+ > IELTS HACKER_

IELTS READING 2026



দ্রুত পড়া নয়,
ঠিক জায়গায় পড়া।

IELTS Reading-এ প্রতিটা answer passage-এর ভেতরেই ছাপা থাকে। দরকার শুধু সেটা সময়ের ভেতরে খুঁজে পাওয়া, আর অন্য শব্দে বলা একই কথা চিনতে পারা। এই বই ঠিক সেটাই শেখায়: ধাপে ধাপে, বাংলা আর English মিলিয়ে, Band 8+ এর লক্ষ্যে।

এই বইয়ে যা আছে

- **১৬টা question type**, প্রতিটা আলাদা chapter-এ, worked example সহ
- **Core skills:** skimming, scanning, paraphrase আর ৬০ মিনিট ভাগ করার নিয়ম
- **Passage 1, 2, 3** আর General Training-এর আলাদা পরিকল্পনা
- **FALSE নাকি NOT GIVEN:** সবচেয়ে বেশি ভুল হওয়া জায়গাগুলোর সমাধান
- **৮টা full practice test**, ২৪টা passage, ৩২০টা question
- **প্রতিটা answer-এর ব্যাখ্যা**, passage-এর কোন বাক্য থেকে এসেছে সেটা সহ
- **৫৮৯টা academic শব্দ** বাংলা অর্থ সহ, আর ১২৮টা synonym পরিবার
- **৩০ দিনের study plan**, error log আর score tracker

Academic ও General Training | বাংলা + English | ঘরে বসে প্রস্তুতি | 43 chapters · 214 pages

IELTS HACKER 2026 SERIES: ৬টা বই

01 Listening
02 Reading — এই বই
03 Writing
04 Speaking
05 Vocabulary
06 Question Bank

বই পড়ো কাগজে, practice করো screen-এ।

এই বইয়ের প্রতিটা practice test real test-এর মতো screen-এও দেওয়া যায়।

ieltshacker.com

IELTS is a registered trademark of its owners. IELTS HACKER is not affiliated with them.

© 2026 IELTS HACKER. All rights reserved.